



# গঠনতন্ত্র (প্রথম সংশোধনী)

বাংলা বিভাগ অ্যামানাই



রাজশাহী বিশ্ববিদ্যালয়

## গঠনতন্ত্র (প্রথম সংশোধনী)

[২৪/১২/২০২১ কার্যনির্বাহী পরিষদের সভা ও ২৫/১২/২০২১ সাধারণ পরিষদের সভায় অনুমোদিত।  
এটি আগামীতে মূল গঠনতন্ত্রে যুক্ত করা হবে।]

[মূল গঠনতন্ত্র পৃ. ১১ তে ২) সদস্য পুনর্বহালের পরের ক্রম হবে : ৫. (ঝ) ৩) পদত্যাগ]

### ৫. (ঝ) ৩) পদত্যাগ:

মূল গঠনতন্ত্রে ৫র (ঝ)-৩ ‘পদত্যাগ’ উপ-শিরোনামে একটি অনুচ্ছেদ যুক্ত হবে।

৫. (ক) এর ৫ অনুসূতি হিসেবে বাংলা বিভাগের সভাপতি (অ্যালামনাইয়ের সংরক্ষিত সহ-সভাপতির পদ) ছাড়া চারজন সহ-সভাপতির মধ্য থেকে একজন নির্বাহী পরিষদ কর্তৃক নির্বাচিত হবেন।

এ ছাড়া সাধারণ সম্পাদক বা অন্য বিভাগীয় সম্পাদক যদি কেউ পদত্যাগ করে তাকে গঠনতন্ত্র অনুযায়ী দায়িত্ব প্রদান করা যাবে। আর যদি তা গঠনতন্ত্রের সঙ্গে সাংঘর্ষিক হয় তবে কার্যনির্বাহী পরিষদ সিদ্ধান্ত নেবে।

### ৬. (ঙ) মেয়াদ:

কার্যনির্বাহী পরিষদের কার্যকাল ৬(ঙ) নিম্নোক্তভাবে সংযোজন ও পরিমার্জনের প্রস্তাব গৃহীত হলো (মূল গঠনতন্ত্র পৃ. ১১)

‘কার্যনির্বাহী পরিষদের কার্যকালের মেয়াদ হবে নির্বাচনের পর থেকে ২ (দুই) বছর’- মূল গঠনতন্ত্রের এ বাক্যটি বিলুপ্ত হবে।

৬. ও (১) অনুচ্ছেদের শেষ বাক্য ... তবে বিশেষ প্রয়োজনে এর ব্যতিক্রমও করা যাবে না। [+] জাতীয় কোনো দুর্যোগ, জরুরি পরিস্থিতি বা অনভিপ্রেত ঘটনার উদ্ভব হলে ওই ক্যালেন্ডার বছরের মধ্যেই (৩১ ডিসেম্বর) নির্বাচন করতে হবে। যদি তাও করা সম্ভব না হয় তবে পাঁচ সদস্যের এড-হক কার্যনির্বাহী কমিটি গঠিত হবে।

### ৯. আর্থিক প্রশাসন ব্যবস্থা:

৯. (খ) উপশিরোনাম ‘সংস্থার হিসাব নিয়োগ পদ্ধতি’ বদলে ‘হিসাব নিরীক্ষা ও নিরীক্ষক নিয়োগ পদ্ধতি’ করা হলো।

### ১১. পুরস্কার প্রবর্তন ও উৎসাহব্যঞ্জক কার্যক্রম:

১১. (৩) (মূল গঠনতন্ত্র পৃ. ২১) বিলুপ্ত করা হলো।

বাংলা বিভাগের স্নাতক মেধাক্রম অনুসারে সর্বনিম্ন ০৩ থেকে সর্বোচ্চ ০৫ জন।

বাংলা বিভাগের স্নাতকোত্তর মেধাক্রম অনুসারে সর্বোচ্চ ০৩ জন।

কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের সামর্থ্য অর্থ প্রদান করা হবে।

স্পন্সরের মাধ্যমে যে পুরস্কার দেয়া হবে তা প্রতিবর্ষে প্রথম স্থান অধিকারীকে বা মেধাক্রম অনুযায়ী দুইজনকে দেয়া হবে।

১১. (৫) (মূল গঠনতন্ত্র পৃ. ২২) বিলুপ্ত করা হলো।

কল্যাণমূলক ও সহযোগিতামূলক যে কোনো কার্যক্রমে অনুদানের বিষয়টি নির্বাহী কমিটি গ্রহণ করতে পারবে।

মহীদ ইকবাল

(শহীদ ইকবাল)

সাধারণ সম্পাদক

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়